

💵 যাদুকর ও জ্যোতিষীর গলায় ধারালো তরবারি

বিভাগ/অধ্যায়ঃ নবম প্রকার যাদু রচয়িতা/সঙ্কলকঃ ওয়াহীদ বিন আব্দুস সালাম বালী

স্ত্রী সহবাসে হঠাৎ অপারগ হয়ে যাওয়ার চিকিৎসা

হঠাৎ অপারগতা বলতে এখানে উদ্দেশ্য হলো, পরিপূর্ণ ও নিখুঁত অঙ্গপ্রত্যঙ্গ নিয়ে জন্ম নেয়া ও সাধারণত রোগে আক্রান্ত হওয়া ব্যতীতই কোন পুরুষের তার স্ত্রীর সাথে সহবাস করতে অসামর্থ হওয়া। আমরা যদি এই অপারগতা সম্পর্কে জানতে চাই তবে আমাদেরকে প্রথমে লিঙ্গ শক্ত হয় কিভাবে তা জানতে হবে। এটা সকলেরই জানা যে, পুরুষাঙ্গ রাবারের মত চিকনা মাংসের এক টুকরা। যখন রক্তের চাপ এর উপর বৃদ্ধিপায় তখন সেটা শক্তিশালী হয়ে ওঠে । আর যখন রক্তের চাপহাস পায় তখন ঢিলে হয় ও শক্তি শেষ হয়ে যায়।

যৌনাঙ্গের তিনটি স্তরঃ

- ১। যখন পুরুষের মধ্যে যৌন চাহিদা সৃষ্টি হয় তখন পুরুষের অন্তকোষের মধ্যে বিশেষ এক ধরনের হরমোনের সৃষ্টি হয়। আর এই হরমোন যখন রক্তের সাথে মিশে যায় তখন রক্ত অতিদ্রুত সঞ্চালিত হয়ে মাথার চামড়া পর্যন্ত পৌছে যায় এবং শরীর গরম হয়ে বিদ্যুত সঞ্চালনের মত হয়ে যায়।
- ২। যেহেতু যৌন চাহিদার নিয়ন্ত্রণ মস্তিষ্ক করে, তাই এটা পুরুষাঙ্গের গতি দ্রুত কেন্দ্রবিন্দুতে পৌছে দেয়।
- ৩। মগজের যৌন উত্তেজনার কেন্দ্র বিন্দু প্রজনন কোষে দ্রুত স্প্রিট প্রেরণ করে যার ফলে পুরুষাঙ্গ শক্ত হয়ে যায়।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5947

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন